Kumudini CARES

# Kumudini Bulletin

May - August : 2026

কুমুদিনী বুলেটিন

(মে - আগস্ট : ২০২৬)

## ৭ মে-র গণহত্যা
## কুমুদিনী ও মির্জাপুরবাসীর স্বজন হারানোর দিন

## Massacre of 7 May
## A Day of Bereavement for Kumudini and Mirzapur




*Laying of Floral Wreaths at the Murals of Shaheed Ranada Prasad Shaha and Shaheed Bhabani Prasad Shaha on the Remembrance Day.*

এই সেই অভিশপ্ত ৭ মে যেদিন নারায়ণগঞ্জে কুমুদিনীর প্রাণ পুরুষ দানবীর রণদা প্রসাদ সাহা সপুত্র চিরদিনের মতো অপহৃত হন এবং মির্জাপুর ও পার্শ্ববর্তী এলাকার ৫৭ জন নিরীহ গ্রামবাসী একাত্তর বিরোধী শক্তির টার্গেট কিলিংয়ের শিকার হন। তারই অনুষঙ্গ হিসেবে ঘরে ঘরে লুটপাট, নির্যাতন, অগ্নিসংযোগ কিছুই বাদ যায়নি। এই নৃশংস হত্যাকাণ্ডে গ্রামবাসীর রক্তে রঞ্জিত হয় লৌহজংয়ের স্রোতধারা।

সেই ভয়ংকর দিনটির স্মরণে মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সে সকালে শহিদ রণদা প্রসাদ সাহা ও পুত্র শহিদ ভবানী প্রসাদ সাহা (রবি)-র প্রতিকৃতিতে দিবসের প্রথমভাগে পুষ্পার্ঘ্য নিবেদন করা হয়। পরে আনন্দ নিকেতন মিলনায়তনে স্মরণসভার আয়োজন করা হয়। সভায় চার ধর্মগ্রন্থ থেকে পাঠ, শহিদদের আত্মার শান্তি কামনায় এক মিনিট নীরবতা পালন ও আলোচনা করা হয়।

7 May remains a cursed day on which philanthropist Ranada Prasad Shaha, the principal benefactor and central figure of Kumudini, was abducted in Narayanganj along with his son Bhabani Prasad Shaha and ultimately disappeared forever. In Mirzapur and neighbouring areas, 57 innocent villagers became victims of targeted killings by anti-liberation forces. Looting homes, torture and arson followed as part of the atrocities. The streams of Lauhajang were stained with the blood of the villagers in this brutal massacre.

In remembrance of that terrible day, floral tributes were offered in the morning at the portraits of Shaheed Ranada Prasad Shaha and his son, Shaheed Bhawani Prasad Shaha (Robi), at the Kumudini Complex in Mirzapur. Later, a memorial meeting was organised at the Anand Niketan auditorium. The meeting included readings from four holy religious scriptures, one minute of silence in prayer for the peace of the souls of the martyrs, and a discussion.




*Prayer for the eternal peace of the martyrs' souls.*

উপস্থিত ব্যক্তিবর্গের মধ্যে আলোচনায় অংশ নেন কুমুদিনী ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও শম্পা সাহা, ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী নার্সিং কলেজের পরিচালক সিস্টার রীনা ম্যাগডালিন ক্রুশ, ভারতেশ্বরী হোম্‌সের অধ্যক্ষ মন্দিরা চৌধুরী, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের উপাধ্যক্ষ প্রফেসার ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, কেএমটিআই অধ্যক্ষ ডা. মো. রাজিউল হক, মিস ঋদ্ধি সাহা প্রমুখ। অনুষ্ঠানে প্রার্থনা সঙ্গীত পরিবেশন করে কুমুদিনী নার্সিং কলেজের ছাত্রীবৃন্দ। স্মৃতি দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল কুমুদিনী হাসপাতালের রোগীদের বিশেষ খাবার পরিবেশন এবং মির্জাপুর গ্রামে শহিদ রণদা প্রসাদ সাহা-র পৈতৃক নিবাসে গ্রামের সর্বস্তরের মানুষের জন্য মধ্যাহ্ন ভোজের আয়োজন করা।

Among those who took part in the discussion were Kumudini Trust Directors Ms Protiva Mutsuddy and Mrs Shampa Shaha; Trust Adviser on education and health Mr Abu Alam Md Shahid Khan; Kumudini Hospital Director Dr Pradip Kumar Roy; Kumudini Nursing College Director Sister Rina Magdalene Cruz; Bharateswari Homes Principal Mandira Chowdhury; Kumudini Women's Medical College Vice Principal Professor Dr Niranjan Chandra Basak; KMTI Principal Dr Md Raziul Haque and Ms Ridhee Shaha. Students of Kumudini Nursing College performed devotional songs at the event.

Other programmes of the Memorial Day included serving special food to patients at Kumudini Hospital and arranging lunch for people from all sections of the community at the ancestral home of Shaheed Ranada Prasad Shaha in Mirzapur village.

# কুমুদিনী নার্সিং কলেজ / Kumudini Nursing College

## স্বাস্থ্যসেবায় বিশেষ অবদানের জন্য ব্র্যাক ব্যাংকের অভিনন্দন জ্ঞাপন

ব্র্যাক ব্যাংকের পক্ষ থেকে স্বাস্থ্যসেবা ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ কুমুদিনী নার্সিং কলেজকে আনুষ্ঠানিকভাবে অভিনন্দন জানানো হয়।

৫ জুলাই ঢাকার উত্তরায় ইউনাইটেড কনভেনশন সেন্টারে আয়োজিত এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে ব্যাংকটির রজতজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কুমুদিনী নার্সিং কলেজের পক্ষ থেকে নার্সিং পরিচালক সিস্টার রীনা মেগডালিন ক্রুশ ব্যাংক কর্তৃপক্ষের কাছ থেকে অভিনন্দন স্মারক গ্রহণ করেন। এই সময় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের উপদেষ্টা শিব নারায়ণ কৈরী মঞ্চে উপস্থিত ছিলেন।

## BRAC Bank Congratulates KNI for Contribution to Healthcare

BRAC Bank formally congratulated Kumudini Nursing College (KNI) in recognition of its special contribution to the healthcare sector.

The reception was organised on 5 July at the United Convention Centre in Uttara, Dhaka, as part of the Bank's silver jubilee celebrations.

Sister Rina Magdalene Cruz, Nursing Director of Kumudini Nursing College, received a commemorative token of appreciation from the bank authorities on behalf of the College. Mr Shiv Narayan Kairy, Adviser to the Managing Director of Kumudini Welfare Trust, was also present beside her on the stage.

অনুষ্ঠানে ব্যাংকের পক্ষ থেকে মঞ্চে স্থাপিত ব্যানারটিতে উল্লেখ করা হয় : “কুমুদিনী নার্সিং কলেজ-কে দেশ ও মানুষের লাইটহাউজ হয়ে থাকার জন্য অভিনন্দন”– যা কলেজটির ভাবমূর্তিকে দেশের স্বাস্থ্যসেবার উচ্চাসনে অভিষিক্ত করতে সহায়ক হয়েছে।

The banner displayed on the stage at the event stated: "Congratulations to Kumudini Nursing College for remaining a Lighthouse for the country and its people." The message recognised the College's role in advancing the image of KNI’s healthcare in the country.




*Sister Rina Magdalene Cruze, Director KNI, receiving a Memento as a token of appreciation from BRAC Bank authorities. Mr S N Kairy, Adviser to MD of KWT, is seen beside her.*

## কুমুদিনী নার্সিং কলেজের শিক্ষকদের যুক্তরাষ্ট্রে প্রশিক্ষণ গ্রহণ

## KNI Teachers Receive Training in USA




*Trainees with their Certificates after completing the Summer Residency Programme at the Simmons University in Boston, USA.*

কুমুদিনী নার্সিং কলেজের তিনজন শিক্ষককে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। ৩১ মে থেকে ১২ জুন পর্যন্ত নার্স শিক্ষকগণ যুক্তরাষ্ট্রের বোস্টনে অবস্থিত সিমনস ইউনিভার্সিটিতে প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ গ্রহণকারী শিক্ষকগণ হলেন : কলেজের সহকারী অধ্যাপিকা কল্যাণী মুর্মু, প্রভাষক তিশা বাড়ই এবং প্রভাষক সুস্মিতা রানী গাইন।

Summer Residency Program এর আওতায় তাদের প্রশিক্ষণের আয়োজক প্রতিষ্ঠান হচ্ছে যুক্তরাষ্ট্রের Simmons University School and Deylight Foundation.

উল্লেখ্য, “মা ও শিশুস্বাস্থ্য এবং নার্সিং শিক্ষায় ক্লিনিক্যাল দক্ষতা বৃদ্ধি” এই ছিল তাদের প্রশিক্ষণের মূল বিষয়। ●

Kumudini Welfare Trust arranged training in the United States for three teachers of Kumudini Nursing College (KNI). From 31 May to 12 June, the nursing teachers received training at Simmons University in Boston, United States.

The participating teachers were Assistant Professor Kalyani Murmu, Lecturer Tisha Barai and Lecturer Susmita Rani Gain.

Under the Summer Residency Programme, the training was organised by Simmons University School and Daylight Foundation in the United States.

The main theme of their training was "Improving Clinical Skills in Maternal and Child Health and Nursing Education." ●

## আন্তর্জাতিক নার্স দিবস পালিত

## Intn'l Nurses Day Observed




*A rally brought out on the International Nurses Day at the Complex by Kumudini Nurses.*

কুমুদিনী নার্সিং কলেজ ও কুমুদিনী হাসপাতালের উদ্যোগে ১২ মে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে আন্তর্জাতিক নার্স দিবস উদ্‌যাপিত হয়।

ইন্টারন্যাশনাল কাউন্সিল অব নার্সেস (আইসিএন) এর দেয়া তথ্যে এ বছর নার্স দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল – ‘আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ, ক্ষমতায়িত নার্সরাই জীবন বাঁচায়।’ যাদের সেবা ছাড়া একজন রোগীর সুস্থ হয়ে ওঠা কঠিন, তারাই হলেন নার্স।

আধুনিক নার্সিং পেশার রূপকার ফ্লোরেন্স নাইটিঙ্গেলের জন্মদিন উপলক্ষে প্রতি বছর ১২ মে উদ্‌যাপিত হয় আন্তর্জাতিক নার্স দিবস। বাংলাদেশে অন্যান্য সংস্থার মতো কুমুদিনীতে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে অত্যন্ত মর্যাদার সঙ্গে দিবসটি পালিত হয়।

দিবসের কর্মসূচির মধ্যে ছিল ব্যানার ফেস্টুনসহ কুমুদিনী কমপ্লেক্সে প্রতিষ্ঠানের সর্বস্তরের নার্সদের র‍্যালি এবং অপরাহ্নে কুমুদিনীর মিলনায়তন আনন্দ নিকেতনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। ●

International Nurses Day was observed on 12 May at the Kumudini Complex in Mirzapur under the initiative of Kumudini Nursing College and Kumudini Hospital.

According to information provided by the International Council of Nurses (ICN), this year's Nurses Day theme was: "Our Nurses, Our Future, Empowered Nurses Save Lives." Nurses are the professionals whose service is essential in helping patients recover.

International Nurses Day is observed every year on 12 May to commemorate the birthday of Florence Nightingale, the pioneer of the modern nursing profession. Like other organisations in Bangladesh, Kumudini observed the day with great dignity through various programmes.

The day's activities included a rally of nurses from all levels of the organisation at the Kumudini Complex, accompanied by banners and festoons. In the afternoon, a colourful cultural programme was organised at Kumudini's Anand Niketan auditorium. ●

# কুমুদিনী হাসপাতাল / Kumudini Hospital

## নতুন রূপে হাসপাতালের বহির্বিভাগে ওয়ানস্টপ সেবাকেন্দ্র চালু

কুমুদিনী হাসপাতাল কর্তৃপক্ষ বহির্বিভাগে গাইনী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রুগীদের সেবা কার্যক্রমকে আরোও সুসংগঠিত ও দ্রুততর নিশ্চিত করতে নতুন রূপে ওয়ানস্টপ সেবাকেন্দ্র চালু করেছেন।

বর্তমানে এখানে গাইনী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রুগীরা একই জায়গায় জরুরী সেবা, রেজিস্ট্রেশন, ডাক্তার কনসালটেশন, পরিবার পরিকল্পনা সেবা, গর্ভকালীন সেবা, ব্রেস্ট ফিডিং কাউন্সেলিং, প্রয়োজনীয় ল্যাব ও ইমেজিং টেস্ট, ফার্মেসিসহ অন্যান্য সুবিধা রয়েছে। তাছাড়া বন্ধ্যাত্ব রুগীদের জন্য বিশেষজ্ঞ ডাক্তার পরামর্শসহ অন্যান্য সেবা কার্যক্রম চালু করা হয়েছে।

সম্প্রতি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা এই সেবাকেন্দ্রের উদ্বোধন করেন।

## One-Stop Service Centre at KH OPD adorns new look

To ensure more organized, efficient and prompt healthcare services for patients seeking gynecology, obstetric and infertility care at the OPD of Kumudini Hospital, a newly redesigned One-Stop Service Centre has been launched recently. The centre brings relevant services together under one platform enabling patients to receive faster and more coordinated care.

Patients belonging to the above-mentioned categories are now receiving all necessary services including emergency care, diagnostic tests, pharmacy services, consultations with specialist doctors and other essential facilities.

Mrs Srimati Shaha, Director KWT, inaugurated the Centre recently.




*Mrs Srimati Shaha, Director KWT, inaugrated the One-Stop Service Centre recently*

# কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ / Kumudini Women's Medical College

## ২০২৫-২০২৬ সেশনের এমবিবিএস ও বিডিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান

৩ মে ও ৮ জুন কলেজ ভবনের ডা. বি পি পতি হলে ২০২৫-২০২৬ সেশনের যথাক্রমে এমবিবিএস ও বিডিএস নবীন ছাত্রীদের ‘পরিচিতি অনুষ্ঠান’ বা ‘ওরিয়েন্টশন’ অনুষ্ঠিত হয়।

## Orientation for MBBS and BDS Students of 2025–2026 Session

Orientation programmes for newly admitted MBBS and BDS students of the 2025–2026 session were held on 3 May and 8 June respectively at Dr. B.P. Pati Hall of the College building.




*Newly admitted MBBS students with KWMC teachers in the Orientation Ceremony.*

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী সরদার মোঃ সাখাওয়াত হোসেন, এমপি মন্ত্রণালয়ের সভাকক্ষ থেকে জুম মিটিং এর মাধ্যমে ওরিয়েন্টেশন প্রোগ্রাম দু'টির শুভ উদ্বোধন করেন।
উভয় দিনের অনুষ্ঠানের সভাপতি ছিলেন কলেজ অধ্যক্ষ প্রফেসর ডা. মো. আবদুল হালিম। অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল কলেজ ছাত্রীদের পরিবেশিত উদ্বোধনী সঙ্গীত, দানবীর রণদা প্রসাদ সাহার জীবনভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন, পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ, নবাগতদের ফুল দিয়ে বরণ, শপথ গ্রহণ, নবাগত ছাত্রী ও তাদের অভিভাবক, অনুষ্ঠানের সভাপতি ও অন্যান্যদের বক্তব্য প্রদান এবং পরিশেষে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন। ●

The Minister of Health and Family Welfare Sardar Md Sakhawat Hossain, MP inaugurated the orientation programmes through Zoom from the ministry's conference room.
Professor Dr Md Abdul Halim, Principal of the College, chaired both days' programmes. Activities included an inaugural song performed by college students, screening of a documentary on the life of philanthropist Ranada Prasad Shaha, recitations from holy religious scriptures, welcoming the newcomers with flowers, oath-taking, speeches by the new students and their guardians, remarks by the chair and other guests, and the national anthem. ●




*Orientation Ceremony for the BDS students of Session 2025-2026.*

# ভারতেশ্বরী হোম্‌স / Bharateshwari Homes

## ব্রিটিশ হাইকমিশনে ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীদের পাইপ ব্যান্ড পরিবেশনা

## Students Performed Pipe Band at British High Commission



*Students of Bharateswari Homes performing Pipe-Band at the British High Commission in Dhaka.*

জুলাই মাসের শেষের দিকে স্কটল্যান্ডের গ্লাসগোতে অনুষ্ঠিত কমনওয়েলথ গেমস ২০২৬ এ অংশগ্রহণ করতে যাওয়া বাংলাদেশি ক্রীড়াবিদদের আনুষ্ঠানিকভাবে অভিনন্দন জানিয়েছে ঢাকাস্থ ব্রিটিশ হাইকমিশন।
১৩ জুলাই হাইকমিশনার সারাহ কুকের আয়োজনে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীদের পাইপ ব্যান্ড দলকে বাদন পরিবেশনের জন্য আমন্ত্রণ জানানো হয়।

The British High Commission in Dhaka formally congratulated Bangladeshi athletes who were scheduled to participate in the Commonwealth Games 2026, held in Glasgow, Scotland, toward the end of July.
At an event hosted by High Commissioner Ms Sarah Cook on 13 July, the pipe band team of Bharateswari Homes was invited to give a musical performance.




*Each member of the Pipe Band team was awarded a certificate for performance by Ms Sarah Cook, British High Commissioner.*



*Participants in the Show with Barrister Jaima Rahman, daughter of Prime Minister Mr Tarique Rahman.*

ক্রীড়াবিদদের পাশাপাশি সান্ধ্যকালীন এই সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সরকারের উর্ধ্বতন প্রতিনিধিবৃন্দ, প্রধানমন্ত্রী তারেক রহমানের মেয়ে ব্যারিস্টার জাইমা রহমান, বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের সদস্য, ঢাকায় অবস্থিত বিভিন্ন হাই কমিশনের মিশন প্রধান, ভারতেশ্বরী হোম্‌স তথা কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিনিধিবৃন্দ এবং ক্রীড়া ও গণমাধ্যম ব্যক্তিত্বরা।

অনুষ্ঠানে মিস সারা কুকের শুভেচ্ছা বক্তব্যের পর ভারতেশ্বরী হোম্‌সের পাইপ ব্যান্ড দল বাজনা পরিবেশন করে। ব্যারিস্টার জাইমা রহমান ছাত্রীদের পরিবেশনায় সন্তোষ প্রকাশ করেন। তিনি তাদের প্রতিশ্রুতি দেন যে, মির্জাপুরে ভারতেশ্বরী হোম্‌সে গিয়ে স্বয়ং ছাত্রীদের সঙ্গে পাইপ বাজাবেন।

ব্যান্ড পার্টির অংশগ্রহণকারী নয়জন ছাত্রীরা হলো তাবাস্‌সুম তাসফিয়া, হুমাইরা নওশীন মীম, জয়া রানী হালদার, সুমাইয়া খান রিমি, শীলা রানী মণ্ডল, রাবেয়া খানম, মাহে জাবিন ফেরদৌস, আতকেয়া ফিরোজ সারাহ এবং ফাহিমা ফেরদৌস।

উল্লেখ্য, ব্রিটিশ হাইকমিশনার অনুষ্ঠানের পূর্বে হোম্‌সের বাদ্যদলের ছাত্রীদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের প্রত্যেকের হাতে সার্টিফিকেট তুলে দেন।

Alongside the athletes, the evening reception was attended by senior government representatives, Barrister Jaima Rahman, daughter of Prime Minister Mr Tarique Rahman, members of the Bangladesh Olympic Association, heads of missions of various high commissions in Dhaka, representatives of Bharateswari Homes and Kumudini Welfare Trust, sports and media personalities.

Following welcome address by Ms Sarah Cook, the pipe band of Bharateswari Homes performed. Barrister Jaima Rahman expressed her satisfaction with the students' performance. She promised that she would visit Bharateswari Homes in Mirzapur and play the pipes together with the students herself.

The nine students participating in the band were Tabassum Tasfia, Humaira Naushin Mim, Jaya Rani Haldar, Sumaiya Khan Rimi, Shila Rani Mondal, Rabeya Khanam, Mahe Jabin Ferdous, Atkeya Firoz Sarah, and Fahima Ferdous.

It may be mentioned that prior to the event, the High Commissioner Ms Sarah Cook exchanged greetings with the students of the Homes' musical group and handed each of them a certificate.

# RPSU পরিদর্শনে হোম্‌সের ছাত্রীবৃন্দ

# Students of Homes Visit RPSU




*Students of Bharateswari Homes visiting RPSU.*

৩ মে ভারতেশ্বরী হোম্‌সের এক দল শিক্ষার্থী আর.পি.সাহা বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে। তারা সেখানকার মনোরম ক্যাম্পাস ঘুরে ঘুরে দেখে এবং বিভিন্ন বিভাগের ল্যাব পরিদর্শন করে ধারণা লাভ করে।

পরে বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে আয়োজিত এক তথ্যবহুল সেশনে শিক্ষার্থীদের উচ্চশিক্ষা বিষয়ক গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয়। এই সেশনে শিক্ষার্থীদের সামনে উচ্চশিক্ষার সম্ভাবনা, চ্যালেঞ্জ ও প্রস্তুতি সম্পর্কে মূল্যবান পরামর্শ দেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায় এবং সহকারী অধ্যাপক এস এম আকবর। ●

A group of students from Bharateswari Homes visited R.P.Shaha University on 3 May. They toured the attractive campus and visited laboratories in various departments to gain an understanding of the facilities.

Later, an informative session was organised at the university's multipurpose hall, where the students received important guidance on higher education. During the session, Vice-Chancellor Professor Dr Manindra Kumar Ray and Assistant Professor S.M. Akbar provided valuable advice on the prospects, challenges and preparation required for higher education. ●



*Prayer held on the occasion of Buddha Purnima at PPM Hall of Bharateswari Homes.*



*Annual Milad Mahfil at Bharateswari Homes.*



*Kumudini Model Phamacy Opens 2nd Outlet at Khanpur in Narayanganj. - 5 July 2026.*

## SICIP-KWT প্রোগ্রাম / SICIP-KWT Programme

### কেয়ারগিভিং কোর্স : ওরিয়েন্টেশন ও জব কাউন্সেলিং

### Caregiving Course: Orientation and Job Counselling







*Job Counselling Programme for the Trainees of Caregiving Courses(level-II).*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয় কর্তৃক পরিচালিত Skills for Industry Competitiveness and Innovation Programme (SICIP) ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (KWT) প্রোগ্রামের আওতায় কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট ঢাকা, নারায়ণগঞ্জ ও মির্জাপুরে তিন মাস মেয়াদী কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই প্রোগ্রামের আওতায় মোট ১,৪২০ জনকে কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণ প্রদানের টার্গেট রয়েছে। এখন পর্যন্ত ৫৩৫ জন কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তন্মধ্যে ৪০৯ জন কেয়ারগিভার হিসেবে চাকরি করছেন এবং ১২৬ জনের চাকরি প্রক্রিয়াধীন রয়েছেন।

জুলাই ২০২৬ থেকে শুরু হওয়া ব্যাচসমূহের প্রশিক্ষণার্থীদের ওরিয়েন্টশনে ও জব কাউন্সেলিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট ঢাকা, মির্জাপুর ও নারায়ণগঞ্জ কেন্দ্রে যথাক্রমে ১৬, ১৮ ও ২০ আগস্ট ২০২৬ তারিখে কেয়ারগিভিং কোর্সের প্রশিক্ষণার্থীদের ওরিয়েন্টশন ও জব কাউন্সিলিং প্রোগ্রামের আয়োজন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন

Under the Skills for Industry Competitiveness and Innovation Programme (SICIP), operated by the Finance Division of the Ministry of Finance, the SICIP-KWT programme is conducting three-month caregiving courses at Kumudini Trade Training Institute centres in Dhaka, Narayanganj and Mirzapur.

The programme has a target of providing caregiving training to a total of 1,420 people. So far, 535 have received training. Among them, 409 are working as caregivers and the employment process for 126 is underway.

Orientation and job counselling programmes were organised for trainees of the batches that began in July 2026. The programmes were held on 16, 18 and 20 August 2026 respectively at the Kumudini Trade Training Institute centres in Dhaka, Mirzapur and Narayanganj.

SICIP-KWT Programme Chief Coordinator Mojaharul Islam attended the programmes. Course in-charges cum senior

SICIP-KWT প্রোগ্রামের চিফ কো-অর্ডিনেটর মোজাহারুল ইসলাম। প্রশিক্ষণ কেন্দ্রের কোর্স ইনচার্জ কাম সিনিয়র ট্রেইনার, সিনিয়র ট্রেইনারস, ট্রেইনারস, প্রশিক্ষণার্থী ও তাদের অভিভাবকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ট্রেনিং অ্যাসেসমেন্ট এন্ড মনিটরিং কো-অর্ডিনেটর নিহার রঞ্জন রায়, ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট কো-অর্ডিনেটর জাকির হোসাইন সিকদার, জব প্লেসমেন্ট এন্ড ডাটাবেইজ কো-অর্ডিনেটর রাশেদুজ্জামান, ট্রেনিং অ্যাসেসমেন্ট এন্ড মনিটরিং এ্যাসিস্ট্যান্ট কো-অর্ডিনেটর হাসানুজ্জামান, কুমুদিনী নার্সিং কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালী রানী সরকার ও স্পেশালাইজড নার্সিং প্রোগ্রামের কোর্স ইনচার্জ সিস্টার বার্ণাডেট শিউলি গোমেজ এবং প্রোগ্রাম বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) এর অন্যান্য স্টাফবৃন্দ।

ওরিয়েন্টেশন ও জব কাউন্সেলিং অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের ফুল দিয়ে বরণ ও তাদের মধ্যে এপ্রোন বিতরণ করা হয়। অনুষ্ঠানে অতিথিবৃন্দ SICIP-KWT প্রোগ্রামের লক্ষ্য-উদ্দেশ্য, ট্রেনিং কার্যক্রম, দক্ষতা অর্জনের গুরুত্ব, কর্মসংস্থান তৈরিতে SICIP-এর ভূমিকা, ট্রেনিং শেষে দেশে-বিদেশে ক্যারিয়ার গড়ার ক্ষেত্র ও সুযোগসমূহ প্রভৃতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। ●

## স্পেশালাইজড নার্সিং কোর্সের প্রশিক্ষণার্থীদের জব কাউন্সেলিং ও বিদায় সংবর্ধনা

৩০ জুন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ডা. বি পি পতি হলে স্পেশালাইজড নার্সিং কোর্সের প্রশিক্ষণার্থীদের জব কাউন্সেলিং ও ফেয়ারওয়েল প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের আয়োজক কুমুদিনী নার্সিং কলেজ (KNC)। SICIP-Kumudini Programme এর সহযোগিতায় এই প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন হয়।

KNC এর ভাইস প্রিন্সিপাল শেফালী রানী সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কাউন্সেলিং ও ফেয়ারওয়েল অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ডা. এম এ হালিম, প্রিন্সিপাল, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. পি কে রায়, SICIP-Kumudini Programme এর কো-অর্ডিনেটর মোজাহারুল ইসলাম প্রমুখ। ●

trainer, senior trainers, trainers, trainees and their guardians were also present.

Other attendees included Training Assessment and Monitoring Coordinator Nihar Ranjan Roy; Finance and Procurement Coordinator Zakir Hossain Sikdar; Job Placement and Database Coordinator Rasheduzzaman; Training Assessment and Monitoring Assistant Coordinator Hasanuzzaman; Kumudini Nursing College Vice Principal Shefali Rani Sarkar; Sister Barnadette Shiuli Gomez, Course In-Charge of the Specialized Nursing Programme; and other staff members of the Programme Implementation Unit (PIU).

At the orientation and job counselling programmes, trainees were welcomed with flowers and aprons were distributed among them. Guests discussed the objectives of the SICIP-KWT programme, training activities, the importance of acquiring skills, the role of SICIP in creating employment, and opportunities for building careers at home and abroad after completing training. ●

## Job Counselling and Farewell for Trained Caregivers

A job counselling and farewell programme for trainees of the Specialized Nursing Course was held on 30 June at Dr. B.P. Pati Hall of Kumudini Women's Medical College, Mirzapur.

The programme was organised by Kumudini Nursing College and conducted with the cooperation of the SICIP-Kumudini Programme.

The counselling and farewell programme was chaired by Kumudini Nursing College Vice Principal Shefali Rani Sarkar. Professor Dr. M.A. Halim, Principal of Kumudini Women's Medical College, was the chief guest. Dr. P.K. Ray, Director of Kumudini Hospital, and Mojaharul Islam, Coordinator of the SICIP-Kumudini Programme, were also among those present. ●




*Trainees who have undergone Specialized Nursing Course which is a part of the SICIP-KWT Programme.*

# জাতীয় মৎস্য পক্ষ ২০২৬ / National Fisheries Week 2026

## কার্প জাতীয় মাছ উৎপাদনে কুমুদিনীর সাফল্য

## Kumudini's Success in Carp Fish Production



*Mr Md Abdul Hai, AGM, Kumudini Hospital & KWMC, receiving Memento and Certificate on behalf of MD KWT as successful fish farmer in Tangail District.*

২০২৫ সালে কার্প জাতীয় মাছ উৎপাদন ক্যাটাগরিতে কুমুদিনী ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা টাঙ্গাইল জেলার একজন সফল মৎস্যচাষী হিসেবে নির্বাচিত হন।

এই উপলক্ষে ১৬ আগস্ট টাঙ্গাইল সদর উপজেলা কনফারেন্স রুমে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু, এমপি-র উপস্থিতিতে আলোচনা সভা, সম্মাননা সনদ ও স্মারক প্রদানের আয়োজন করা হয়। কুমুদিনী ট্রাস্টের পক্ষ থেকে সনদ ও স্মারক গ্রহণ করেন কুমুদিনী মেডিকেল কলেজ ও হাসপাতালের সহকারী মহাব্যবস্থাপক মো: আবদুল হাই। ●

In 2025, Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Trust, was selected as a successful fish farmer of Tangail District in the carp fish production category.

On the day of felicitation on 16 August, a discussion meeting and the presentation of award certificate and commemorative crest were organized at the conference room of Tangail Sadar Upazila in the presence of State Minister for Fisheries and Livestock Mr Sultan Salahuddin Tuku, MP.

On behalf of Kumudini Trust, the certificate and commemorative crest were received by Md. Abdul Hai, Assistant General Manager of Kumudini Medical College and Hospital. ●

# কুমুদিনী ফার্মা সংবাদ/Kumudini Pharma News

## ১৮ কর্মকর্তার বিদেশ ভ্রমণ

২০২৫ সালে যারা সারা বছর পরিশ্রম, দায়িত্বশীলতা এবং পারফরম্যান্সের মাধ্যমে সেল্স, মার্কেটিং ইত্যাদি ক্ষেত্রে কুমুদিনী ফার্মাকে সমৃদ্ধ করেছেন তাদের কাজের স্বীকৃতি স্বরূপ কর্তৃপক্ষ কোম্পানির খরচে বিদেশ সফরের ব্যবস্থা করেন।

এ বছর কোম্পানির হেড অফিস ও মাঠ পর্যায়ের মোট ১৮ জন যোগ্য কর্মকর্তাকে শ্রীলংকা সফরের জন্য নির্বাচন করা হয়। ১৭-১৯ মে পর্যন্ত এই তিন দিনের সফরে পাঁচজন এমপিও, সাতজন এরিয়া ম্যানেজার, তিনজন আঞ্চলিক প্রধান এবং হেড অফিসের তিনজন অন্তর্ভুক্ত ছিলেন।

সফরকারী কর্মকর্তাগণ হলেন : হেড অব অপারেশন এস এম জাকারিয়া, হেড অব সেল্স মো. আবদুর রব, ডেপুটি ম্যানেজার পিএমডি মো. ইসমাইল হোসেন, কুমিল্লা অঞ্চলের প্রধান মো. বুরহান উদ্দিন, নোয়াখালি অঞ্চলের প্রধান সুব্রত রায়, টাঙ্গাইল অঞ্চলের প্রধান মোহাম্মদ মইনুল ইসমাইল, এরিয়া ম্যানেজারদের মধ্যে ছিলেন টাঙ্গাইল থেকে গিয়াস উদ্দিন ও মো. ইন্নাস আলী, নরসিংদী থেকে মো. মুক্তার হোসেন, ময়মনসিংহ থেকে মো. মিজানুল ইসলাম, সাভার থেকে মো. জাহিদ হোসেন, খুলনা থেকে মো. সাইফুর রহমান এবং কিশোরগঞ্জ থেকে মো. কামাল হোসেন শাইখ; পাঁচজন এমপিও হলেন নারায়ণগঞ্জ-এ অঞ্চলের মো. আইয়ুব আলী, টাঙ্গাইলের মো. আরিফুল ইসলাম ও আবু সাঈদ, সাভারের আইনুল হক এবং টাঙ্গাইলের রাজকুমার সূত্রধর। ●

## Foreign Tour for 18 Officials

As recognition for the employees who enriched Kumudini Pharma during the entire period of 2025 through hard work, responsibility and performance in their respective areas including sales and marketing, the company arranged overseas travel for them at its own expense.

A total of 18 employees from the company's head office and field level were selected for a trip to Sri Lanka. The three-day trip, held from 17 to 19 May, included five MPOs, seven area managers, three regional heads and three head-office employees.

The travelling officials were Head of Operations SM Zakaria, Head of Sales Md. Abdur Rob, Deputy Manager PMD Md. Ismail Hossain, Head of the Cumilla Region Md. Burhan Uddin, Head of the Noakhali Region Subrata Roy, Head of the Tangail Region Mohammad Moinul Ismail, and Area Managers Gias Uddin and Md. Ennas Ali from Tangail, Md. Muktar Hossain from Narsingdi, Md. Mizanul Islam from Mymensingh, Md. Zahid Hossain from Savar, Md. Saifur Rahman from Khulna, and Md. Kamal Hossain Sheikh from Kishoreganj.

The five MPOs were Md. Ayub Ali from Narayanganj, Md. Ariful Islam from Tangail, Abu Sayeed and Ainul Haque from Savar, and Rajkumar Sutradhar from Tangail. ●

# যশোমাধব দেবের রথোৎসব কুমুদিনীর অংশগ্রহণ

১৬ জুলাই ধামরাই পৌর শহরে শ্রী শ্রী যশোমাধব দেব এর ঐতিহ্যবাহী রথযাত্রা উৎসবের সূচনা হয় এবং ২৪ জুলাই উল্টোরথ অনুষ্ঠান উদ্‌যাপনের মাধ্যমে উৎসবের সমাপ্তি ঘটে।

মন্দির কমিটির সভাপতি মেজর জেনারেল জীবন কানাই দাস (অবঃ) এর সভাপতিত্বে অনুষ্ঠিত উভয় দিনের উৎসবে সরকার ও প্রশাসনের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি, এমপি, বিশেষ অতিথি ঢাকা-২০ আসনের সংসদ সদস্য মোঃ তমিজউদ্দিন এবং সংরক্ষিত নারী আসনের সাংসদ সুলতানা আহমেদ। উল্টোরথ উৎসবে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী বিজন কান্তি সরকার।



*Rath Festival in Dhamrai.*

উল্লেখ্য, প্রথা অনুসারে উদ্বোধনী দিবসের প্রভাতে যশোমাধব দেব এর মন্দিরে কুমুদিনী ট্রাস্টের ভারতেশ্বরী হোম্‌সের শিক্ষার্থীরা ভক্তিমূলক সংগীত পরিবেশন করে। শিল্পীদের তত্ত্বাবধান করেন ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা এবং হোম্‌সের অধ্যক্ষ মন্দিরা চৌধুরী।

নারায়ণগঞ্জে কুমুদিনীর প্রধান কার্যালয়ে উল্টোরথের দিন আয়োজন করা হয় মৌসুমের প্রথম সোনালি আঁশ পাট ক্রয়ের অনুষ্ঠান যা 'লাকি পারচেজ' হিসেবে পরিচিত। এই উপলক্ষে বিশেষ মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।



*Students of Bharateswari Homes performing devotional songs at the premises of Yashomadhavb Temple on the opening day of the festival.*



*Milad Mahfil at Narayanganj Kumudini Complex on the occasion of the first day of Season's Jute Procurement.*

## আর. পি. সাহা বিশ্ববিদ্যালয়/RPSU

### বিশ্ববিদ্যালয়ের এক যুগ পূর্তিতে দিনব্যাপী উৎসব




*Celebratory Rally observing the 12th Anniversary of the University.*

৭ জুলাই বিশ্ববিদ্যালয়ের এক যুগ (১২ বছর) পূর্তি উপলক্ষে দিনব্যাপী নানা কর্মসূচির আয়োজন করা হয়। জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন এবং শান্তির প্রতীক পায়রা উড়িয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ, উপাচার্য, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারিদের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য র‍্যালি সমগ্র ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এই উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচি পালন এবং ফার্মেসি বিভাগের একটি ল্যাবরুম উদ্বোধন করা হয়।

উল্লেখ্য, ২০১৩ সালে RPSU বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর অনুমোদন লাভ করে এবং ২০১৪ সালের ৭ জুলাই বিশ্ববিদ্যালয়টি শুভযাত্রা শুরু করে। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে ৮টি স্নাতক ও ৬টি স্নাতকোত্তর প্রোগ্রামে ১২০০ এর অধিক শিক্ষার্থী অধ্যয়নরত আছেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের অধীনে ২টি ইন্সটিটিউট তাদের কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

# রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদ্‌যাপিত




*Cultural programme in observance of Rabindra-Nazrul Jayanti.*

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৭তম জন্মবার্ষিকী উপলক্ষে ২০মে বিশ্ববিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

RPSU Cultural Club এর উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন উপাচার্য ড. মনীন্দ্র কুমার রায়।

অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল দুই কবি সম্পর্কে আলোচনা, সঙ্গীত, নৃত্য, রবীন্দ্রনাথের ছোটগল্প 'পোস্টমাস্টার' অবলম্বনে নাট্যাভিনয় এবং কুইজ প্রতিযোগিতা।

কুইজ প্রতিযোগিতায় প্রথম হন ফার্মেসি বিভাগের শিক্ষার্থী কাজী ফারিয়া ইসলাম সৃষ্টি, দ্বিতীয় একই বিভাগের সাবিহা মামুন তাইবা এবং তৃতীয় আইন ও মানবাধিকার বিভাগের মাহাদিয়া জাহান ঈশিকা।

# জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উপলক্ষে আলোচনা সভা




*Discussion on July Mass Uprising Day 2026.*

জুলাই অভ্যুত্থান ও শহিদদের স্মরণে ৫ আগস্ট বিশ্ববিদ্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয় এবং তাঁদের আত্মত্যাগ চিরস্মরণীয় করে রাখার অঙ্গীকার ব্যক্ত করা হয়।

আলোচনায় অংশগ্রহণ করেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, সহকারী অধ্যাপক মো. আসাদুজ্জামান, সহযোগী অধ্যাপক তাঞ্জিল হাসনাইন মইন রণিত এবং উপস্থিত শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

# 21st Academic Council Meeting Held



*21st Academic Council Meeting.*

The 21st Academic Council Meeting of RPSU was held on 8 July at the Multipurpose Hall of the University. Chaired by VC Prof Dr Manindra Kumar Roy the Council discussed important academic policies, curriculum development, quality enhancement and future initiatives aimed at strengthening excellence in teaching, learning and research.

The meeting was attended by the following Members of the Council:

Mr Abu Alam Md Shahid Khan (Nominated By BOT), Prof Dr Md Abdul Halim (Nominated by Syndicate), Professors: Dr Sheikh Abdur Rahim, Dr Md Nazmul Hasan, Dr Gopal Chandra Saha, Dr Kingkar Prosad Ghosh; Associate Professors: A K Zunayet Ahammed, Dr Apurba Kumar Barman, Tanzil Hasnain Moin Roneet, Assistant Professors: Shovan Kumar Paul, A K M Manzurul Islam, Md Tariqul Islam, Aroup Raton Shaha, Maimuna Hasan; Lecturer Muhammad Lutfur Rahman Abrar and Registrar & Member Secretary Sarker Hirendra Chandra.

All Council Members in the meeting reaffirmed RPSU's commitment to academic excellence, innovation and continuous institutional development.

# Prof Rahim Visits Malaysian Universities to sign MoA and MoU







*Prof Rahim signed one MoA and two MoUs with Malaysian Universities on behalf of RPSU.*

Prof Dr Sheikh Abdur Rahim, Head of Business Administration and Director RPSU Int'l Affairs Division and Kumudini Skill Development Institute, visited Malaysia from 28 April to 4 May.

During his visit Prof Rahim signed two Memorandum of Understandings (MoU) and one Memorandum of Agreement (MoA) on behalf of RPSU with three different universities of Malaysia.

The MoA was signed with the Spectrum International University College (SIUC) on 29 April 2026 to strengthen the

relationship based on the MoU signed earlier on 25 November 2025 with RPSU.

The first MoU was signed with the management of University Selangor (a state-owned Public University in Malaysia) on 30 April 2026. The second one was signed with INTI International university on 4 May 2026.

During his tour Prof Rahim also visited University of Cyberjaya. A collaboration meeting was held there on 29 April 2026 with the management where it was agreed to establish an academic relationship between the two universities.

## Seminar on Higher Education Opportunities in Malaysia



*Students attending the Seminar.*

The Int'l Affairs Division of RPSU organized a seminar titled "Higher Education Opportunities in Malaysia with Special Focus on INTI International University" on 16 May at the Multinational Hall of RPSU.

The session was chaired by Prof Dr Sheikh Abdur Rahim. The VC of the University Prof Dr Manindra Kumar Roy attended the programme as chief guest. The keynote speaker of the seminar was Associate Prof Dr Khan Sarfaraz Ali, Director of International Relations and Collaborations Centre (IRCC), Faculty of Business & Communications INTI University, Malaysia.

## Seminar on Artificial Intelligence (AI)




*VC Prof Dr Manindra Kumer Roy speaking in the Seminar.*

The Center for Research and Innovation (CRI), RPSU organized a seminar titled "Legal Research in the Age of Artificial Intelligence" on 23 May at the Central Library of the University.

The seminar was attended by VC Dr Prof Manindra Kumer Roy; Prof Dr Md Nazmul Hasan, Director of CRI; A K Zunayet Ahammed, Dean and Associate Professor of English, School of Arts and Social Sciences; Dr Md Tariqul Islam, Controller of Examinations; Faculty members of different departments; students of Law and Human Rights (LHR) and others. The keynote speaker in the seminar was Assistant Professor Aroup Raton Shaha, Head of LHR.

# Dutch Delegate Visit Fashion and Design Dept



*Ms Irene Vermeulen, a Dutch delegate, visiting the Design Studio of the Dept of Fashion and Design.*

On 14 July a Dutch delegate Ms Irene Vermeulen visited the Dept of Fashion and Design which organized a special interactive session in the Dept. She is an International Business Coach and External Expert of CBI (Center for the Promotion of Imports from Developing Countries) in the Netherlands.

As part of her visit Ms Irene Vermeulen toured the Design Studio of the Dept. The studio showcased a collection of students' creative works including fashion sketches, pen and pencil illustrations color renderings, portfolios, fashion drawings, pattern-making projects, and various design development works. Ms Irene expressed her appreciation for the creativity, technical skills and artistic potentials demonstrated by the students.

A significant part of the program featured students' presentation. Mayesha Zaman, a student of the Dept delivered an engaging presentation. The audience was inspired by Israt Jahan Sadia, an alumna of the Dept who presented her innovative work on Vegan Leather. Her presentation demonstrated the potential of sustainable and eco-friendly alternatives within the fashion industry.

VC Prof Dr Manindra Kumer Roy, KWT Director Mahavir Pati, Head of the Dept Associate Prof Tanzil Hasnain Moin Roneet, Delegate Mrs Tushar Kona Khandakar, Deans, Dept Heads, Faculty Members, students and office staff were present in the session.

# Business Administration Students' Industrial Visit



*Departmental Students on an Industrial Visit to Soteks Label Technologies BD Ltd.*

# Seminar on Robert Frost's Poem




*VC Prof Dr Manindra Kumar Roy speaking in the Seminar.*

Students from the Department of Business Administration visited Soteks Label Technologies Bangladesh Ltd on 3 May under the supervision of Prof Dr Gopal Chandra Saha, Dean, School of Business. The team was accompanied by Prof Dr Kingkar Prosad Ghosh and Asst Prof Aditi Roy.

Students gained practical exposure to key stages of label manufacturing from the visit. Mr Gazi Shafiqul Islam, Country Manager of the Company, conducted an engaging session on RFID technology, color system, ERP, and future prospect of the labeling industry. ●

The Centre for Research and Innovation (CRP) organized a seminar titled "Psychological Conflict in Robert Frost's 'Stopping by Woods on a Snowy Evening'" at the Central Library of RPSU on 19 May. The keynote speaker was A K Zunayet Ahammed, Associate Professor of English. It is worth mentioning that 'Stopping by Woods on a Snowy Evening' is a famous poem by Robert Frost. ●

## Students from LHR Dept Attend a Seminar on Ganges Water Treaty




*Students of LHR Dept participated in discussion in the Seminar at BILIA.*

A group of students from Law & Human Rights (LHR) Dept attended a seminar at the Bangladesh Institute of Law and International Affairs (BILIA) focusing on the renegotiation of the Ganges Water Treaty.

Chaired by Prof Borhan Uddin Khan, Chairman of BILIA, the seminar was graced by Water Resources Minister Shahid Uddin Chowdhury Anee, MP as the Chief Guest and State Minister Farhad Uddin Azad, MP as the Special Guest. Keynote speaker was Prof Dr Asif Nazrul.

Before the seminar ended our students participated in the open-floor discussions on this important national and regional issue. ●



*Students of Law and Human Rights Dept visited Narayanganj District and Session Court on 18 May 2026. There they gathered valuable and professional ethics. -18 May 2026.*




*Final year Students of the Pharmacy Dept visited Essential Drugs Company Ltd in Gopalgonj under the guidance of Dr Apurba Kumar Barman, Associate Professor & Dean of the Dept. -14 August 2026.*

# কুমুদিনী হাসপাতাল
## চিকিৎসা পরিসংখ্যান
মে-আগস্ট : ২০২৬

### টিকাদান কর্মসূচি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| পোলিও | ১৯০ | ৫৭৭ | ৬৮৪ | ৬৭৭ |
| টিটি | ১৮৫ | ২২০ | ২০৩ | ১৫৬ |
| বিসিজি | ০ | ২২০ | ২১৫ | ২৪১ |
| রুবেলা | ০ | ৩৭৩ | ৩৪১ | ৩২৮ |
| প্যান্টাভ্যালেন্ট | ৩৩০ | ৬১০ | ৬৬৯ | ৬৪৭ |
| পিসিভি | ৭৮ | ৫৪৪ | ৬৩৫ | ৭২৫ |
| এফ, আই, পি, ভি | ১০২ | ১৬৪ | ১৮১ | ২৩১ |
| টিসিভি | ০ | ০ | ০ | ১৩৪ |

### হাসপাতালে ভর্তিকৃত রোগী

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| ভর্তি | ৪৫৯০ | ৫০৭২ | ৫০৪৯ | ৫৩৬৮ |

### বহির্বিভাগে মোট রোগী

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ৪৫৩২৭ | ৫৫৫৮৫ | ৫৫০৫৬ | ৬০৮৭৬ |

### হাসপাতালে মৃত্যু

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ১২০ | ১১৯ | ১০৫ | ১০৩ |

### অস্ত্রোপচার পরিসংখ্যান

| সার্জারি | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১১৭ | ১১০ | ১৫৯ | ১৫৮ |
| সেমি মেজর | ৩৯ | ৩৯ | ৪২ | ৩১ |
| মাইনর | ৪৫৭ | ৫৬০ | ৫২৯ | ৫০৬ |

### অর্থোপেডিক্স

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৬১ | ৬৯ | ৯১ | ৮৭ |
| সেমি মেজর | ৪৪ | ৪৫ | ৪৪ | ৪৪ |
| মাইনর | ৩৬৫ | ৩৫৫ | ৩৬৮ | ৩৯০ |

### ঠোঁট কাটা, তালু কাটা

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১০ | ৮ | ১১ | ১০ |

### নাক, কান, গলা

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৫৭ | ৬৩ | ৬৮ | ৬১ |
| মাইনর | ৫৫ | ৫৩ | ৪৮ | ৩৫ |

### গাইনি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৬১ | ৫৬ | ৬০ | ৭২ |
| সেমি মেজর | ৩২ | ২৭ | ৪৬ | ৪৫ |
| মাইনর | ১ | ৩ | ০ | ২ |

### অবসটেট্রিক্স

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ২৭৩ | ২৯০ | ২৩৬ | ২৪৬ |
| স্বাভাবিক | ১৪৬ | ১২২ | ১৯০ | ২১৩ |

### চক্ষু অপারেশন

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১০১ | ২২৩ | ২৬৯ | ২৪৮ |
| অন্যান্য | ৩৯ | ৫৩ | ৫৭ | ৫৩ |

### দন্ত অপারেশন

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১০৩ | ১৫১ | ১১৫ | ১২৮ |
| সেমি মেজর | ২৮ | ২১৭ | ১৮০ | ১৮৩ |
| মাইনর | ১৪৬ | ৪৪ | ৩০ | ৪৪ |

### মাইনর অপারেশন

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| বহির্বিভাগ | ৮১১ | ৭৯৬ | ৮৭৬ | ৮৭৬ |
| | মে | জুন | জুলাই | আগস্ট |
| আই সি ইউ | ৫৯ | ৬৫ | ৫৪ | ৬৬ |
| | মে | জুন | জুলাই | আগস্ট |
| এইচ ডি ইউ | ১২০ | ১৩৪ | ১৪৪ | ১৩২ |
| | মে | জুন | জুলাই | আগস্ট |
| কিডনি ডায়ালাইসিস | ৩৮১ | ৪০৫ | ৪০৫ | ৪০৭ |
| | মে | জুন | জুলাই | আগস্ট |
| এন আই সি ইউ | ২১২ | ২০৮ | ২২৯ | ২৪০ |

### চক্ষু শিবির

| ঠিকানা | মাস/তারিখ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৫/২০২৬ | ১০ | ১২ | ২২ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৫/২০২৬ | ১৪ | ৫ | ১৭ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৬/২০২৬ | ২৬ | ৩৭ | ৫২ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৬/২০২৬ | ৪৯ | ৩৭ | ৮৬ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৭/২০২৬ | ২২ | ৪২ | ৬৪ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৭/২০২৬ | ৩৫ | ৩৩ | ৬৮ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৮/২০২৬ | ২৩ | ৪৩ | ৬৬ |
| মধুপুর, টাংগাইল | ১৫/০৮/২০২৬ | ২১ | ৩৮ | ৫৯ |

# Kumudini Hospital
## Treatment Statistics
May-August : 2026

### Vaccination Programme

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Polio | 190 | 577 | 684 | 677 |
| T.T | 185 | 220 | 203 | 156 |
| B.C.G | 0 | 220 | 215 | 241 |
| Robela | 0 | 373 | 341 | 328 |
| Pantavalent | 330 | 610 | 669 | 647 |
| PCV | 78 | 544 | 635 | 725 |
| FIPV | 102 | 164 | 181 | 231 |
| TCV | 0 | 0 | 0 | 134 |

### Patient Admitted in Hospital

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Admission | 4590 | 5072 | 5049 | 5368 |

### Out Patient

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 45327 | 55585 | 55056 | 60876 |

### Patient Death in Hospital

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 120 | 119 | 105 | 103 |

### Operation Surgery

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 117 | 110 | 159 | 158 |
| Semi Major | 39 | 39 | 42 | 31 |
| Minor | 457 | 560 | 529 | 506 |

### Orthopaedics

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 61 | 69 | 91 | 87 |
| Semi Major | 44 | 45 | 44 | 44 |
| Minor | 365 | 355 | 368 | 390 |

### Cleft Lip, Cleft Palate

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 10 | 8 | 11 | 10 |

### E.N.T.

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 57 | 63 | 68 | 61 |
| Minor | 55 | 53 | 48 | 35 |

### Gynae

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 61 | 56 | 60 | 72 |
| Semi Major | 32 | 27 | 46 | 45 |
| Minor | 1 | 3 | 0 | 2 |

### Obstetrics

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 273 | 290 | 236 | 246 |
| Normal | 146 | 122 | 190 | 213 |

### Eye Operation

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 101 | 223 | 269 | 248 |
| Others | 39 | 53 | 57 | 53 |

### Dental Operation

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 103 | 151 | 115 | 128 |
| Semi Major | 28 | 217 | 180 | 183 |
| Minor | 146 | 44 | 30 | 44 |

### Minor Operation

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Out Patient | 811 | 796 | 876 | 876 |
| | May | June | July | August |
| ICU | 59 | 65 | 54 | 66 |
| | May | June | July | August |
| HDU | 120 | 134 | 144 | 132 |
| | May | June | July | August |
| Kidney Dialysis | 381 | 405 | 405 | 407 |
| | May | June | July | August |
| NICU | 212 | 208 | 229 | 240 |

### Eye Camp

| Address | Month/Date | Male | Female | Total |
|---|---|---|---|---|
| Fulbaria, Mymensingh | 7/5/2026 | 10 | 12 | 22 |
| Madhupur, Tangail | 15/5/2026 | 14 | 5 | 17 |
| Fulbaria, Mymensingh | 7/6/2026 | 26 | 37 | 52 |
| Madhupur, Tangail | 15/6/2026 | 49 | 37 | 86 |
| Fulbaria, Mymensingh | 7/7/2026 | 22 | 42 | 64 |
| Madhupur, Tangail | 15/7/2026 | 35 | 33 | 68 |
| Fulbaria, Mymensingh | 7/8/2026 | 23 | 43 | 66 |
| Madhupur, Tangail | 15/08/2026 | 21 | 38 | 59 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024
E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website : www.kumudini.org.bd